গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রকল্প বাস্তবায়ন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd

নং-৪৫.০০.০০০০.১৭২.০০৬.০৬.২০১২/ তারিখ:২৮.০১.২০২০খ্রি:

প্রাপক: চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

বিষয়: স্বাস্থ্য সেবা বিভাগের অধীন ৪র্থ স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর কর্মসূচির আওতায় মেটারনাল, নিউনেটাল,চাইল্ড এন্ড এডোলেসেন্ট হেলথ (MNC&AH) (কোড নং ১২৭০২-২২৪০২১০০৪) অপারেশনাল প্ল্যানের বিভিন্ন কর্মসূচী বাস্তবায়নের জন্য চলতি ২০১৯-২০ অর্থ বছরের এডিপি বরাদ্দ অনুযায়ী আরপিএ (জিওবি) খাতে ১ম ও ২য় কিস্তির অবমুক্ত অর্থ থেকে ২৪১৬.৫২ লক্ষ (চব্বিশ কোটি ষোল লক্ষ বায়ান্ন হাজার) টাকা অগ্রিম উত্তোলন প্রসংগে।

সূত্র: অর্থ বিভাগের নথি নং-০৭.১০৪.০১৪.২৭১১.১০.২০১৭ এর উদ্ধৃতাংশ, তারিখ:-২৭.০১.২০২০খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে স্বাস্থ্য সেবা বিভাগের অধীন ৪র্থ এইচপিএনএসপি'র আওতায় মেটারনাল নিউনেটাল চাইল্ড এন্ড এডোলেসেন্ট হেলথ (MNC&AH) (কোড নং ১২৭০২-২২৪০২১০০৪) অপারেশনাল প্ল্যানের অনুকূলে চলতি ২০১৯-২০ অর্থ বছরের এডিপি বরাদ্দ অনুযায়ী আরপিএ (জিওবি) খাতে ১ম ও ২য় কিস্তিতে ছাড়কৃত অর্থ হতে নিয়োক্ত ছকে প্রদর্শিত কোডসমূহে উল্লিখিত অর্থ অনুযায়ী সর্বমোট ২৪১৬.৫২ লক্ষ (চব্বিশ কোটি ষোল লক্ষ বায়ান্ন হাজার) টাকা অগ্রিম উত্তোলনে নিম্নবর্ণিত শর্তে নির্দেশক্রমে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি:

| ক্রমিক | অর্থনৈতিক কোড | খাত | প্রস্তাবিত অগ্রীম উত্তোলনের পরিমান |
|---|---|---|---|
| ১ | ৩১১১৩৩২ | সম্মানিভাতা (গর্ভবতী মায়েদের ক্যাশইনসেনটিভ) | ৫১০.০০ লক্ষ টাকা |
| ২ | ৩২১১১১১ | সেমিনার কনফারেন্স | ৩১২.০০ লক্ষ টাকা |
| ৩ | ৩২৩১৩০১ | প্রশিক্ষণ | ৯৪৪.৫২ লক্ষ টাকা |
| ৪ | ৩২৪৪১০১ | ভ্রমণ (গর্ভবতী মায়েদের যাতায়াত ভাতা) | ১৫০.০০ লক্ষ টাকা |
| ৫ | ৩২৫৭৩০২ | চিকিৎসা (গর্ভবতী মায়েদের চিকিৎসা ব্যয়) | ৫০০.০০ লক্ষ টাকা |
| | | | সর্বমোট: ২৪১৬.৫২ লক্ষ টাকা |

শর্তসমূহ:

(ক) অগ্রিম উত্তোলিত অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act, 2006 এবং The Public Procurement Rules, 2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে:

(খ) অব্যয়িত অর্থ জুন/২০২০ এর মধ্যে সরকারী কোষাগারে জমা করতে হবে:

(গ) উত্তোলিত অগ্রিমের অর্থ জুন/২০২০ এর মধ্যে সমন্বয় করতে হবে; এবং

(ঘ) প্রস্তাবিত অগ্রিম উত্তোলন করে ব্যয়পূর্বক কোড নং- ৩১১১৩৩২,৩২১১১১১,৩২৩১৩০১,৩২৪৪১০১ ও ৩২৫৭৩০২ তে সমন্বয় করতে হবে।

২। অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের সম্মতিক্রমে এ আদেশ জারি করা হলো।

সংযুক্তি: ০১ (এক) পাতা।

(মোহাম্মদ নাসির উদ্দীন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৯৫৫৩

নং-৪৫.০০.০০০০.১৭২.০০৬.০৬.২০১২/ ৪৮/২(৭) তারিখ:২৮.০১.২০২০খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২. যুগ্ম-প্রধান, স্বাস্থ্য উইং, আর্থ সামাজিক অবকাঠামো/কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

৩. যুগ্ম প্রধান (পরিকল্পনা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. পরিচালক ও লাইন ডাইরেক্টর,মেটারনাল, নিউনেটাল, চাইল্ড এন্ড এডোলেসেন্ট হেলথ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী,ঢাকা।
৫. উপসচিব (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৭. যুগ্মসচিব (প্রবা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৮-০২-২০২০
(মোহাম্মদ নাসির উদ্দীন)
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রকল্প বাস্তবায়ন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd

নং-৪৫.০০.০০০০.১৭২.৩৬.০০৩.২০২০/ ২২ তারিখঃ ০২.০২.২০২০খ্রি:

বিষয়: উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, দুমকি, পটুয়াখালী পরিদর্শন প্রসংগে।

সূত্র: নং- ৪৫.১৩৭.১১৬.০০.০০.০০৪.২০১৪-১৯৩৬ তারিখ : ৩১.১২.২০১৯খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী কর্তৃক আগামী ০৮/০২/২০২০ তারিখ বেলা ১২.০০টায় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, দুমকি, পটুয়াখালী পরিদর্শন করা হবে।

২। এমতাবস্থায়, সংশ্লিষ্ট সকল রেজিস্টার, নথিপত্র হালনাগাদক্রমে প্রস্তুত থাকার জন্য অনুরোধ করা গেল।

02 02 2020
(মোহাম্মদ নাসির উদ্দীন)
উপসচিব
ফোন: ৯৫৪৯৫৫৩

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা
৩১ শয্যা বিশিষ্ট উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স
দুমকি, পটুয়াখালী।

অনুলিপি (সদয় অবগতি ও কার্যার্থে):
১। জেলা প্রশাসক, পটুয়াখালী।
২। সিভিল সার্জন, পটুয়াখালী।
৩। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৪। যুগ্মসচিব (প্রকল্প বাস্তবায়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

C:\Users\user\Desktop\DUMDKY-2014.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রকল্প বাস্তবায়ন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd

নং-৪৫.০০.০০০০.১৭২.০১৪.০৭.২০২০/ 22 তারিখঃ ০২.০২.২০২০খ্রি:

বিষয়: স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন পটুয়াখালী জেলার দুমকি ৩১ শয্যা বিশিষ্ট স্বাস্থ্য কমপ্লেক্স স্থাপন শীর্ষক সমাপ্ত প্রকল্প হতে রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদের পদধারীদের চাকুরি নিয়মিতকরণ ও জ্যেষ্ঠতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা,২০১৯ অনুসারে কার্যক্রম গ্রহণের নিমিত্ত পদায়ন আদেশের পূর্বে ৩১ (একত্রিশ) জন কর্মকর্তা/কর্মচারী যথারীতি কর্মরত আছেন কিনা তা সরেজমিনে তদন্তক্রমে প্রতিবেদন প্রেরণ প্রসংগে।

সূত্র:১।জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং- ০৫.০০.০০০০.১৭০.২২.০১৪ (অংশ-১).১৬-২৮২ তারিখ : ১৮.১২.২০১৯খ্রি:।
২। নং-৪৫.০০.০০০০.১৭২.০১৪.০৭.২০২০/ ০৮ তারিখঃ ১২.০১.২০২০খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রদ্বয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন পটুয়াখালী জেলার দুমকি ৩১ শয্যা বিশিষ্ট স্বাস্থ্য কমপ্লেক্স স্থাপন শীর্ষক সমাপ্ত প্রকল্প হতে রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদের পদধারীদের চাকুরি নিয়মিতকরণ ও জ্যেষ্ঠতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা,২০১৯ এর বিধি-২ (৯), বিধি-৪ ও বিধি-৫ অনুযায়ী ধারাবাহিকভাবে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নিমিত্ত পদায়ন আদেশের পূর্বে ৩১ (একত্রিশ) জন কর্মকর্তা/কর্মচারী যথারীতি কর্মরত কিনা এ বিষয়ে আগামী ০৮/০২/২০২০ তারিখ সকাল ১১.০০টায় নিম্নস্বাক্ষরকারী কর্তৃক সরেজমিনে তদন্ত কার্যক্রম অনুষ্ঠিত হবে।

২। এমতাবস্থায়, ৩১ (একত্রিশ) জন কর্মকর্তা/কর্মচারীকে প্রযোজ্য কাগজপত্র,জাতীয় পরিচয় পত্রের মূল কপি ও এক কপি ফটোকপিসহ যথাসময়ে হাজির থাকার জন্য অনুরোধ করা গেল।

02.02.2020
(মোহাম্মদ নাসির উদ্দীন)
উপসচিব
ফোন: ৯৫৪৯৫৫৩

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা
৩১ শয্যা বিশিষ্ট উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স
দুমকি, পটুয়াখালী।

অনুলিপি (সদয় অবগতি ও কার্যার্থে):
১। জেলা প্রশাসক, পটুয়াখালী (০৮/০২/২০২০ সকাল ১০.০০ টা হতে ১০/০২/২০২০ দুপুর ১২.০০ টা পর্যন্ত সার্কিট হাউজের একটি রুম বরাদ্দের অনুরোধসহ)।
২। সিভিল সার্জন, পটুয়াখালী।
৩। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৪। যুগ্মসচিব (প্রকল্প বাস্তবায়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

C:\Users\user\Desktop\DUMDKY-2014.doc